চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সংস্থাপন শাখা
www.ccc.gov.bd

স্মারক নং- ৪৬.১১.১৬০০.০০১.৩১.৩৫০.২৫-৭৬১ তারিখঃ ০২/০৫/২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০০.০০০০.০০০.০৭১.১১.০০১৮.২৫-২৪১ তারিখঃ ১৯/০৫/২০২৫ মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুমোদিত অর্গানোগ্রামভূক্ত নিম্নেবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (https://jobccc.gov.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১) | কনসালটেন্ট (গাইনি এন্ড অবস/ এনেসথেসিয়া/ শিশুস্বাস্থ্য) | ৬ | ২৯০০০-৬৩৪১০/- (৭ম গ্রেড) | বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশনপ্রাপ্ত এবং স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাসহ এফসিপিএস/এমএস/এমপিসিএস ডিগ্রিসহ ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২) | মেডিকেল অফিসার (পুরষ/মহিলা) | ৩ | ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হইতে হইবে। |
| ৩) | ড্রাফটসম্যান | ৩ | ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পুরকৌশলে ডিপ্লোমা; এবং<br>(খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা। |
| ৪) | এস্টিমেটর | ৩ | ১৬০০০-৩৮৬৪০/- (১০ম গ্রেড) | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে পুরকৌশলে ডিপ্লোমা। |
| ৫) | কানুনগো | ১ | ১১০০০-২৬৫৯০/- (১৩তম গ্রেড) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে সার্ভে বিষয়ে ডিপ্লোমা। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. আবেদনকারী প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন ব্যক্তি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহে, তবে তিনি এ নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন না।

২. আবেদনকারীর বয়সসীমা ০২/০৫/২০২৬ তারিখে ন্যূনতম ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর। ক্রমিক নং- ১ এর ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩৫ (পঁয়ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

৩. অনলাইন ব্যতীত সরাসরি/ হাতে হাতে/ ডাকযোগে কোন আবেদন গ্রহণযোগ্য নয়।

৪. আবেদনকারীগণকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

৫. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান অন্যান্য সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।

৬. নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার অংশগ্রহণের সকল সনদ/অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনসহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত একসেট ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে (সত্যয়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর (যদি থাকে) ও দাপ্তরিক ঠিকানা উল্লিখিত সিলসহ):
   (ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicants Copy) ও প্রবেশপত্র (Admit Card)।
   (খ) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি- ০২ (দুই) কপি।
   (গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদের মূলকপি (যদি থাকে)।
   (ঘ) সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন পরিষদ এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
   (ঙ) জাতীয় পরিচয়পত্র/ অনলাইন জন্ম নিবন্ধন সনদ।
   (চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
   (ছ) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্র। অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূল কপি দাখিল করতে হবে।
   (জ) বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

৮. কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

৯. চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০. নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সঠিক তথ্য প্রদান করতে হবে। এক্ষেত্রে অসত্য/ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ ত্রুটিপূর্ণ/ ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/ নির্বাচন/ নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. কোন কারণ দর্শানো ব্যাতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি এবং শর্তাবলী পরিবর্তন/পদের সংখ্যা পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধন সংযোজন বিয়োজন ও বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৪. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি**

(ক) আগ্রহী প্রার্থীগণ https://jobccc.gov.bd এ ওয়েবসাইটে প্রবেশ নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন।

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুঃ ০৪/০৫/২০২৬ তারিখ সকাল ০৯:০০ টা হতে;

ii. অনলাইনে আবেদনপত্র দাখিলের শেষ সময়ঃ ২৩/০৫/২০২৬ তারিখ রাত ১১.৫৯ টা।

উক্ত সময়ের মধ্যে User ID online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে অনলাইন এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার নিজের স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB এবং স্বাক্ষরের সাইজ ৬০ KB হতে হবে। ছবির ব্যাকগ্রাউন্ড সাদা অথবা নীল হতে হবে।

১৫. Online এ আগে Application Form যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy যে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পূর্বের আবেদনটি বাতিল করে পুনরায় আবেদন করতে পারবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট কপি সংরক্ষণ করবেন।

১৬. আবেদন করার পর ১ হতে ৪নং ক্রমিকে বর্ণিত পদসমূহে চাকরির জন্য ২০০/- (দুইশত) টাকা, সার্ভিস চার্জ ভ্যাট বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ অফেরতযোগ্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নং ৫ জন্য ১০০/- (একশত) টাকা, সার্ভিস চার্জ ভ্যাট বাবদ ১২/- (বার) টাকাসহ অফেরতযোগ্য ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে পরীক্ষার ফি বাবদ অনলাইনের মাধ্যমে জমা দিতে হবে। ৭২ ঘণ্টার মধ্যে জমা দিতে না পারলে আবেদনটি বাতিল হয়ে যাবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, online এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

১৭. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৮. পত্রিকা ছাড়াও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর ওয়েবসাইটে https://ccc.gov.bd) এবং https://jobccc.gov.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১৯. নিয়োগ পরীক্ষার তারিখ, সময়, ফলাফল ও অন্যান্য তথ্য http://ccc.gov.bd এবং https://jobccc.gov.bd পাওয়া যাবে এবং প্রার্থীকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন